



সচরাচর জিজ্ঞাস্য প্রশ্নাবলি

প্র: আমি ফুলটাইম কাজ করি। আমি কি এখনও একজন প্রদানকারী হতে পারি?

উ: নিশ্চয়ই। বেশিরভাগ প্রদানকারীরা ফুলটাইম বা পার্টটাইম কাজে নিযুক্ত হন। লোকেরা সাধারণত দিনের বেলা প্রোগ্রামিংয়ে উপস্থিত থাকেন এবং যখন তারা কাজে নিযুক্ত নন বা ডে প্রোগ্রামে উপস্থিত তখন তত্ত্বাবধায়ক পরিষেবার জন্য অর্থ প্রদান করা হতে পারে।

প্র: আমি কি প্রশিক্ষণ পাবো?

উঃ হ্যাঁ। বাড়ির সার্টিফিকেশন পাওয়ার আগে, সকল প্রদানকারীরা কড়া প্রশিক্ষণ পাবেন। এরপরে তারা বার্ষিক প্রশিক্ষণ পাবেন।

প্র: আমি কিরকম সাহায্য পাবো?

উঃ প্রত্যেক পরিষেবা প্রদানকারী বিশেষজ্ঞদের একটি দলের একজন সম্মানিত সদস্য হবেন যা একজন হোম লিয়াজন, নার্স এবং সাইকোলজিস্ট দ্বারা গঠিত হতে পারে। এই OPWDD এর কর্মীরা প্রশিক্ষণ প্রদান করে, প্রশ্নের উত্তর দেয় এবং রিসোর্স হিসাবে কাজ করে।

প্র: আমার বাড়ির জন্যে কী করে কাউকে বরাদ্দ করা হবে?

উঃ যে বিকাশগত অক্ষম ব্যক্তির ফ্যামিলি কেয়ার-এ বসবাস করতে আগ্রহী তাদের সাক্ষাৎকার, পুঙ্খানুপুঙ্খভাবে যাচাইকরণ, এবং তারদের ব্যক্তিগত পছন্দ ও অপছন্দ অনুযায়ী মূল্যায়ন করা হয়। প্রতিটি ব্যক্তিকে তাদের পরিবেশ, পারিবারিক গঠন, অবস্থান, এবং প্রদানকারী ও অন্যান্য বাসিন্দাদের সাথে সামঞ্জস্যের কথা মাথায় রেখে তাদের প্রয়োজনীয়তা হিসাবে সবচেয়ে উপযুক্ত বাড়ি বরাদ্দ করার সর্বোত্তম প্রচেষ্টা করা হয়। প্রয়োজনীয় পরিষেবার উপলব্ধতাও বিবেচনা করা হয়। পরীক্ষামূলক পরিদর্শন দ্বারা মূল্যায়ন করা যেতে পারে যে একজন ব্যক্তি একটি ফ্যামিলি কেয়ার-এ বসবাস করার জন্যে কতটা ভালোভাবে "মেলে"।

44 Holland Avenue
Albany, NY 12229-0001



NEW YORK
STATE OF
OPPORTUNITY
Office for People With
Developmental Disabilities



Office for People With
Developmental Disabilities



ফ্যামিলি কেয়ার



(866) 946-9733 | NY রিলে সিস্টেম 711

www.opwdd.ny.gov



OPWDD বিকাশগত অক্ষম ব্যক্তিদের বিভিন্ন ধরনের আবাসিক সাহায্য এবং পরিষেবা প্রদানের জন্য নিবেদিত। এই ব্রোশিওরটি ব্যাখ্যা করে যে কীভাবে ফ্যামিলি কেয়ার প্রোগ্রাম বিকাশগত অক্ষম ব্যক্তিদের ব্যক্তিগত মালিকানাধীন বাড়িতে বসবাস করতে সাহায্য করে যেখানে তারা একটি পরিবারের দেখভাল, পরামর্শ এবং সাহচর্য পাবেন। প্রতিটি ব্যক্তিকে ব্যক্তিগতকৃত, উচ্চ-মানের দেখভাল প্রদান করার জন্য আমরা প্রত্যেকটি ফ্যামিলি কেয়ার-এর বাড়িগুলিকে সেই হিসাবে তৈরি করেছি।

ফ্যামিলি কেয়ার কী?

OPWDD ফ্যামিলি কেয়ার-এর প্রোগ্রামটি 1931 সালে শুরু হয়েছিল সেই বিকাশগত অক্ষম ব্যক্তিদের একটি সাটিফাইড ব্যক্তিগত বাসস্থানে বসবাস করতে সাহায্য করার জন্য যারা স্বাধীনভাবে বা তাদের পরিবারের সাথে বসবাস করতে অক্ষম। ফ্যামিলি কেয়ার-এর প্রোগ্রামের কারণে, প্রায় 1,000টি ব্যক্তি যারা বর্তমানে নিউ ইয়র্ক স্টেট জুড়ে ফ্যামিলি কেয়ার-এর বাড়িগুলিতে বসবাস করেন তারা দেখভালশীল এবং নিরাপদ বাড়ির পরিবেশ থেকে উপকৃত।

ফ্যামিলি কেয়ার প্রোগ্রামটি কার জন্য?

তাদের বয়স বা অবস্থা নির্বিশেষে, ফ্যামিলি কেয়ার প্রোগ্রাম সেই বিকাশগত অক্ষম ব্যক্তিদের সহায়তা প্রদান করে যারা OPWDD সুবিধাগুলির জন্য যোগ্য।

ফ্যামিলি কেয়ার-এর প্রদানকারী কারা?

ফ্যামিলি কেয়ার-এর প্রদানকারীদের বয়স কমপক্ষে 21 বছর হওয়া উচিত। তাদের অবশ্যই একটি বাড়ি, অ্যাপার্টমেন্ট বা চলমান বাড়ির মালিক বা ভাড়াটে হতে হবে। তাদের বুদ্ধিবৃত্তিক বা বিকাশগত অক্ষম ব্যক্তিদের শখগুলি নিজে অভিজ্ঞতা করার পাশাপাশি এই ব্যক্তিদের সাথে তাদের নিজের শখগুলি ভাগ করে নিতে ইচ্ছুক হতে হবে।

বিকাশগত অক্ষম ব্যক্তিদের সাথে পূর্ব অভিজ্ঞতার প্রয়োজন নেই। ফ্যামিলি কেয়ারে বসবাসকারীদের যে সমবেদনা, বোঝাপড়া এবং সুরক্ষা প্রয়োজন তা দেওয়ার ইচ্ছাটি সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়। ফ্যামিলি কেয়ার বাড়িগুলিতে বসবাসকারী ব্যক্তিরা একটি প্রসারিত, যত্নশীল পরিবার পায় যা তাদের সাহায্য করে এবং তাদের বাড়ি এবং সম্প্রদায়ে সম্পূর্ণভাবে অংশগ্রহণ করতে উৎসাহিত করে।

ফ্যামিলি কেয়ার প্রদানকারী হওয়ার সুবিধাগুলি কী কী?

ফ্যামিলি কেয়ার প্রদানকারীদের সবচেয়ে উল্লেখযোগ্য লাভ সম্ভবত এই উপলব্ধি যে তাঁরা বিকাশগত অক্ষম ব্যক্তিদের জীবনকে উন্নত করছে।

যে ব্যক্তি প্রদানকারীদের বাড়িতে থাকেন তিনি তাদের জীবন তাদের সাথে ভাগ করে নেন, তবে প্রদানকারীর জীবনও সেই ব্যক্তির সাফল্য এবং সংগ্রামের অংশ হয়ে সমৃদ্ধ হয়।

যারা প্রদানকারীদের বাড়িতে বসবাস শুরু করে তাদের প্রত্যেকের থাকা-খাওয়ার জন্য, দক্ষতা-নির্মাণ পরিষেবাগুলির জন্য (রেসিডেন্সিয়াল হাবিলিটেশন), এবং তাদের অ্যাপয়েন্টমেন্টে নিয়ে যাওয়ার খরচের জন্য প্রদানকারীদের অর্থ প্রদান করা হয়।

সাধারণত কোনো বিশেষ যন্ত্রপাতির প্রয়োজন পড়ে না। প্রয়োজন হলে তা OPWDD দ্বারা সরবরাহ করা হবে।

আমি কীভাবে একজন সাটিফিকেট প্রাপ্ত ফ্যামিলি কেয়ার প্রদানকারী হতে পারি?

প্রাথমিক পরিদর্শন এবং বাড়ির পরীক্ষা হল প্রথম ধাপ। বাড়িটি নির্দিষ্ট নিরাপত্তা মানদণ্ড মেনে চলছে তা নিশ্চিত করার জন্য একটি বাড়ির নিরাপত্তা পরিদর্শন, পরিবারের সদস্যদের সাক্ষাৎকার, এবং কোনো অতিরিক্ত উদ্বেগ সম্পর্কে একটি খোলা কথোপকথন, সবই বাড়ির পরীক্ষাতে অন্তর্ভুক্ত।

এই প্রাথমিক পরিদর্শন হয়ে গেলে একটি আবেদন সম্পূর্ণ হয়। অপরাধের ইতিহাস দেখে নেওয়ার পর, আবেদনকারী এবং পরিবারের সকল সদস্যদের (বয়স 18+) এনওয়াইএস সেন্ট্রাল রেজিস্ট্রি ফর চাইল্ড অ্যাবিউজ এন্ড মালট্রুইটমেন্টের মাধ্যমে অনুমোদিত হতে হবে।

অতিরিক্ত মানদণ্ডের মধ্যে পড়ছে নিয়োগকর্তা এবং ব্যক্তিদের রেফারেন্সের যাচাইকরণ, পরিবারের পর্যাপ্ত আয়ের প্রমাণ এবং চিকিৎসকের ছাড়পত্র। সব তথ্য গোপন রাখা হয়।

ফ্যামিলি কেয়ার প্রোগ্রাম সম্পর্কে আরো তথ্যের জন্য, OPWDD-এর টোল-ফ্রি ইনফরমেশন লাইনে যোগাযোগ করুন এই (866) 946- 9733 বা 711 TTY নম্বরে, OPWDD-এর ওয়েবসাইট <https://opwdd.ny.gov/contact-us>-এ যান বা FamilyCare@opwdd.ny.gov-এ ইমেল করুন।

